গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা

রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর কারিক্টিভ একশন প্লান (ক্যাপ) বাস্তবায়ন" প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৩য় সভার কার্যবিবরণী প্রেরণ।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ২৮ নভেম্বর, ২০২১ |
| সভার সময় | দুপুর ১২.৩০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| উপস্থিতি | (১) ড.সেলিনা আক্তার, অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (২) জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), ডাইফ (৩) মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), আইএমইডি; (৪) শিরীন রুবী ,যুগ্মসচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (৫) এ,কে,এম সালেহউদ্দিন, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), (৬) তাহেরা হক , উপপ্রধান,শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন; (৭) মোছাঃ মাজেদা ইয়াসমীন, উপসচিব, এনইসি ও সমন্বয়, পরিকল্পনা বিভাগ; (৮) মোঃ মাহবুব হাসান শাহীন,উপপ্রধান, কার্যক্রম বিভাগ; (৯) সুরাইয়া জাহান ,উপসচিব,অর্থবিভাগ (১০) মোছাঃ দেলোয়ারা খাতুন, সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় । |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। **মন্ত্রণালয়ের উপসচিব শরীফ মোঃ ফরহাদ হোসেন প্রকল্পের সংক্ষিপ্ত** চিত্র তুলে ধরে সভাকে অবহিত করেন যে, রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর কারেক্টিভ একশন প্ল্যান (ক্যাপ) বাস্তবায়ন ( ১ম সংশোধিত ) প্রকল্পটি ২৩০০.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি উদ্দেশ্য রিমিডিয়েশন কোঅরডিনেশন সের এ ন্যস্ত তৈরি পোশাক শিল্প কারখানার কাঠামোগত, বৈদ্যুতিক এবং নিরাপত্তা ঝুঁকিহ্রাসকরণে প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা পালন। প্রকল্পের আওতায় ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ এবং চট্টগ্রাম জেলায় অবস্থিত জাতীয় উদ্যোগের আওতায় এসেসকৃত ৭৪৫ টি তৈরি পোশাক শিল্প কারখানা অন্তর্ভূক্ত রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে এ সকল কারখানায় নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি হবে এবং কারখানার মালিক ও শ্রমিক তথা দেশের সমগ্র গার্মেন্টস সেক্টর এর সুবিধা ভোগ করবে। তিনি আলোচ্যসূচির ক্রমানুসারে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

**০২। আলোচনা:**

**ক) প্রকল্পের ২য় পিএসসি সভার কার্যবিবরণী অনুমোদন:** প্রকল্পের ২য় পিএসসি সভা গত **১৮ এপ্রিল, ২০২১ তারিখে মন্ত্রনালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে** অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্হাপন করা হয়। কার্যবিরণীতে কোন সংশোধন বা পরিমার্জন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**খ) প্রকল্পের ৫ম পিআইসি সভার কার্যবিবরণীর সুপারিশ ও সিদ্ধান্তসমূহ পর্যালোচনা:** প্রকল্পটির ৫ম পিআইসি সভা গত ০২ অক্টোবর, ২০২১ তারিখে অধিদপ্তরের মহাপরিদর্শক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার উক্ত পিআইসি সভার সিদ্ধান্ত ও সুপারিশসমূহ সভায় উপস্থাপন ও পর্যালোচনা করা হয়।

**গ) প্রকল্পের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা:** প্রকল্পের ভৌত ও আর্থিক অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক,

জনাব এ,কে,এম সালেহ উদ্দিন, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) সভা-কে অবহিত করেন যে, প্রকল্পের কাজ শেষ পর্যায়ে রয়েছে। নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হবে। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৮% । প্রকল্পের ২০২১-২২ অর্থবছরে বরাদ্দকৃত ৪১২.০০ লক্ষ টাকার মধ্যে ১ম ও ২য় কিস্তি বাবদ ২০৬.০০ লক্ষ টাকা অর্থছাড় করা হয়েছে। আর্থিক অগ্রগতি সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত বরাদ্দের ২২.০৮% । প্রকল্পটির ৩য় ও ৪র্থ কিস্তি অর্থছাড়ের প্রয়োজন হবেনা।

**ঘ) প্রকল্পটি খসড়া পিসিআর পর্যালোচনা:** প্রকল্পের পিসিআর প্রকল্প মূল্যায়ণের একটি গুরুত্বপূর্ণ পদ্ধতি । প্রকল্পের সামগ্রিক অগ্রগতি পর্যালোচনার জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকল বিষয় চমৎকার ভাবে সন্নিবেশিত আইএমইডি ফরম ০৪ এর মাধ্যমে দাখিলকৃত এ প্রতিবেদনটি আইএমইডি চুড়ান্তভাবে মূল্যায়ন করে থাকে । তবে দাখিলকৃত পিসিআরে অধিদপ্তর প্রধান এবং মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের মতামত প্রদান ও অনুমোদনের বিধান রয়েছে। প্রকল্পের সর্বশেষ পিএসসি সভায় খসড়া পিসিআর উপস্থাপন করা হলে প্রকল্পের যাবতীয় কর্মকান্ড সমন্ধে একটি পূর্ণাঙ্গ ধারণা পাওয়া সহজ হবে। এ বিবেচনায় প্রকল্প সমূহের সর্বশেষ পিআইসি সভায় খসড়া পিসিআর পর্যালোচনার সিদ্ধান্ত গ্রহীত হয়। এতে প্রকল্প পরিচালক প্রকল্পে কর্মরত থাকায় ক্রয়কৃত যানবাহন ও যন্ত্রপাতি বিষয়ে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ সহজতর হয়। খসড়া পিসিআর উপস্থাপন করে প্রকল্প পরিচালক বলেন, তিনি ২য় প্রকল্প পরিচালক হিসেবে ২৫ মার্চ, ২০১৯ তারিখে দায়িত্বভার গ্রহণ করেন। প্রকল্পটি যথাযথভাবে সমাপ্ত হতে যাচ্ছে। তবে কোভিড ১৯ পরিস্থিতির কারণে কার্যক্রম কিছুটা বিঘ্নিত হয়েছে। অর্থব্যয় বিষয়ে তিনি জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছিল ৮৮৪.৫০ লক্ষ টাকা, পরবর্তিতে সংশোধিত ব্যয় ছিল ২৩০০.০০ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় হবে ১৮০২.০০ টাকা প্রায় । প্রকল্পের ২য় পিএসসি সভার সুপারিশ মোতাবেক গত জুন, ২০২১ মাসে প্রকল্পের মেয়াদ ০৬ মাস অর্থাৎ ডিসেম্বর,২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, পিসিআরটির খসড়া প্রস্তুত করতে যেয়ে প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা এবং অন্যান্য তথ্য উপাত্ত সংগ্রহ করা সহজ হয়েছে। এর ফলে প্রকল্প সমাপ্তিতে দ্রুততম সময়ে চুড়ান্ত পিসিআর দাখিল করা সম্ভব হবে। প্রকল্পের অডিট সম্পন্ন করার জন্য পত্র দেয়া হয়েছে। কিন্তু কোন অডিট সম্পন্ন হয়নি। উপসচিব (পরিকল্পনা) জানান যে, প্রকল্পের বরাদ্দ , মেয়াদ , অর্থছাড় ও ব্যয় বিষয়ক তথ্যসমূহ আইবাস++ ও এএমএস সফটওয়্যার আপডেট নেই। দ্রুত এটি সম্পন্ন করা প্রয়োজন। আইএমইডি প্রতিনিধি জানান যে, পিসিআর আইএমইডি হতে মূল্যায়ন করা হয়ে থাকে। বর্ণিত কলামগুলো যথাযথভাবে পুরণকরে পিসিআর দাখিলের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন। তিনি মন্তব্য সহ স্বাক্ষর করে পিসিআর প্রেরণের জন্য অধিদপ্তরের মহাপরিদর্শক এবং সচিব মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। অতিরিক্ত সচিব (উন্নয়ন) খসড়া পিসিআর উপস্থাপনে সন্তুষ্টি ব্যক্ত করে যথাযথ প্রকৃয়ায় অব্যয়িত অর্থ ফেরত প্রদানের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

০৩। **সিদ্ধান্ত:** প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) প্রকল্প সমাপ্তিতে দ্রুততম সময়ে পিসিআর দাখিল করতে হবে;

খ) আইবাস ও এমএমএস এন্ট্রি ১৫ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে আপডেট করতে হবে;

গ) প্রকল্পের অডিট সম্পন্ন করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঘ) প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন ও যন্ত্রপাতি বিষয়ে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং

ঙ) দ্রুততম সময়ে যথাযথ প্রকৃয়ায় প্রকল্পের অব্যয়িত অর্থ সারেন্ডার করতে হবে।

**বাস্তবায়ন:** প্রকল্প পরিচালক।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৮.১৪.০০৮.২১.২৯

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮
০৫ ডিসেম্বর ২০২১

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ
৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৬) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৯) প্রকল্প পরিচালক, রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাপ বাস্তবায়ন প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১০) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপসচিব